প্রাপক ও সেবাকারীদের জন্য তথ্যপত্র

জরুরি ভিত্তিতে ব্যবহারের অনুমোদন (EUA)
করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) প্রতিরোধ করতে NOVAVAX COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড

সিভিয়ার অ্যাকিউট রেস্পিরেটরি সিন্ড্রোম করোনাভাইরাস 2 (SARS-CoV-2)-এর কারণে সৃষ্ট করোনাভাইরাস রোগ 2019 (COVID-19) প্রতিরোধ করতে Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড।

NOVAVAX COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড ইউএস ফুড অ্যান্ড ড্রাগ অ্যাডমিনিস্ট্রেশন (FDA) থেকে ইমার্জেন্সি ইউজ অথোরাইজেশন (EUA) পেয়েছে।

- 12 ও তার চেয়ে বেশি বয়সীদের জন্য একটি দুই-ডোজের প্রাইমারি সিরিজ।
- একটি প্রত্যায়িত বা অনুমোদিত COVID-19 ভ্যাকসিন দিয়ে প্রাথমিক ভ্যাকসিন সম্পন্ন করার অন্তত 6 মাস পর প্রথম বুস্টার ডোজ নিচের ব্যক্তিদের জন্য:
  - 18 বছর বা তাদের চেয়ে বেশি বয়সীদের জন্য যারা এফডিএ-অনুমোদিত mRNA বাইভ্যালেন্ট[1] COVID-19 ভ্যাকসিন পাওয়া যায় না বা ক্লিনিক্যাল কারণ যথার্থ নয়,
  - 18 বছর বা তাদের চেয়ে বেশি বয়সীদের জন্য যারা Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড নিতে চান কারণ এটি না পেলে তারা COVID-19 এর বুস্টার ডোজ পেতেন না।

এই তথ্যপত্রে Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড-এর ঝুঁকি এবং সুবিধাগুলি বুঝতে আপনাকে সহায়তা করতে তথ্য রয়েছে, যা আপনি পেতে পারেন। কারণ এখন COVID-19 অতিমারি চলছে। কোনও প্রশ্ন থাকলে আপনার ভ্যাকসিন সরবরাহকারীর সঙ্গে কথা বলুন।

Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড সকলকে সুরক্ষিত নাও রাখতে পারে।

এই তথ্যপত্রটি পরিমার্জন করা হতে পারে। সাম্প্রতিক ফ্যাক্ট শীটের জন্য, অনুগ্রহ করে http://www.NovavaxCovidVaccine.com দেখুন।

এই ভ্যাকসিন গ্রহণের পূর্বে আপনার কী জানা প্রয়োজন কোভিড-19 কী?

কোভিড-19 SARS-CoV-2 নামক করোনাভাইরাস দ্বারা হয়। এই ধরনের করোনাভাইরাস আগে দেখা যায়নি। এই ভাইরাসে আক্রান্ত কোনও ব্যক্তির সংস্পর্শে এলে আপনি COVID-19-এ আক্রান্ত হতে পারেন। এটি প্রধানত একটি শ্বাসযন্ত্রের রোগ যা অন্যান্য অঙ্গকে প্রভাবিত করতে পারে। কোভিড-19-এ আক্রান্ত ব্যক্তিদের বিভিন্ন ধরনের উপসর্গের বিষয় রিপোর্ট করা হয়েছে, যার মধ্যে মৃদু উপসর্গ থেকে শুরু করে তীব্র অনুস্থতাও অন্তর্ভুক্ত রয়েছে। ভাইরাসে আক্রান্ত হওয়ার 2 থেকে 14 দিন পরে লক্ষণগুলো দেখা দিতে পারে। এই সব লক্ষণের মধ্যে থাকতে পারে: জ্বর বা ঠাণ্ডা লাগা; কাশি; নিঃশ্বাস-প্রশ্বাসের দুর্বলতা; ক্লান্তি; পেশী বা শরীরে ব্যথা; মাথাব্যথা; নতুন করে স্বাদ বা গন্ধ না-পাওয়া; গলা ব্যথা; সর্দি বসা বা সর্দি পড়া; বমি বমি ভাব বা বমি হওয়া; ডায়রিয়া।

---

[1]প্রত্যয়িত বাইভ্যালেন্ট COVID-19 আসল SARS-CoV-2 ও Omicron BA.4/BA.5 SARS-CoV-2 এর আসল প্রোটিন এনকোড করে।

NOVAVAX COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড কী?

Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড হলো একটি অননুমোদিত ভ্যাকসিন, যা COVID-19 প্রতিরোধ করতে পারে। Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড হলো একটি মনো-ভ্যালেন্ট ভ্যাকসিন যাতে আসল SARS-CoV-2 এর স্পাইক প্রোটিন থাকে।

এফডিএ Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড EUA এর আওতায় 12 বছর বা তাদের চেয়ে বেশি বয়সীদের জন্য প্রাথমিক সিরিজ হিসাবে এবং 18 বছর বা তাদের চেয়ে বেশি বয়সীদের জন্য বুস্টার ডোজ হিসাবে প্রত্যয়িত করেছে। 18 বছর বা তাদের চেয়ে বেশি বয়সীদের জন্য বুস্টার ডোজ প্রত্যয়ন কেবলমাত্র তাদের জন্য প্রযোজ্য যাদের কাছে এফডিএ-অনুমোদিত mRNA বাইভ্যালেন্ট COVID-19 বুস্টার ডোজে অ্যাক্সেস নেই বা ক্লিনিকালভাবে যথার্থ নয় এবং যারা Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড নিতে চেয়েছেন না হলে COVID-19 এর বুস্টার ডোজ পেতেন না।

EUA-র আরও তথ্যের জন্য এই তথ্যপত্রের শেষ অংশে "**জরুরি ভিত্তিতে ব্যবহারের অনুমোদন (EUA) কী?**" দেখুন।

NOVAVAX COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড নেওয়ার আগে আপনার ভ্যাকসিন সরবরাহকারীকে কী কী বলে দেওয়া উচিত?

আপনার সমস্ত চিকিৎসা সংক্রান্ত অবস্থা সম্পর্কে ভ্যাকসিন সরবরাহকারীকে বলুন, তার মধ্যে যদি:

- কোনো অ্যালার্জি আছে কি না
- মায়োকার্ডাইটিস (হৃৎপিণ্ডের পেশীতে যন্ত্রণা) অথবা পেরিকার্ডাইটিস (হৃৎপিণ্ডের বাইরের আস্তরণে যন্ত্রণা) হয়ে থাকে
- জ্বর আছে কি না
- রক্তক্ষরণের সমস্যা আছে কি না অথবা রক্ত পাতলা হয় কি না
- রোগ প্রতিরোধ ক্ষমতা দুর্বল কি না অথবা এমন কোনও ঔষধ ব্যবহার করেন কি না যার প্রভাব রোগ প্রতিরোধ ক্ষমতার উপর পড়ে
- আপনি গর্ভবতী কি না অথবা সন্তান ধারণের পরিকল্পনা করছেন কি না
- বুকের দুধ খাওয়ান কি না
- অন্য COVID-19 ভ্যাকসিন নিয়েছেন কি না
- কখনও কোনও ইনজেকশন নেওয়ার পর অজ্ঞান হয়ে গিয়েছেন কি না

কার NOVAVAX COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড নেওয়া উচিত নয়?

আপনার Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড নেয়া উচিত নয়, যদি এই ভ্যাকসিনের

আগের ডোজে আপনার চরম মাত্রায় অ্যালার্জি হয়ে থাকে
এই ভ্যাকসিনের কোনও একটি উপাদানের কারণে তীব্র অ্যালার্জি হয়ে থাকে

NOVAVAX COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেডে কী কী উপাদান রয়েছে?

Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেডে রয়েছে ব্যাকিউলোভাইরাস আক্রান্ত Sf9 (fall armyworm) পোকার কোষ থেকে উৎপন্ন SARS-CoV-2 স্পাইক প্রোটিন এবং সোপবার্ক গাছ (*Quillaja saponaria* Molina) থেকে উৎপন্ন স্যাপনিন সমৃদ্ধ ম্যাট্রিক্স-M™ অ্যাডজুভ্যান্টের একটি রিকম্বিন্যান্ট।

অন্যান্য উপাদানের মধ্যে রয়েছে কোলেস্টেরল, ফসফ্যাটিডাইলকোলাইন, পটাশিয়াম ডাইহাইড্রোজেন ফসফেট, পটাশিয়াম ক্লোরাইড, ডাইসোডিয়াম হাইড্রোজেন ফসফেট ডাইহাইড্রেট, সোডিয়াম ক্লোরাইড, ডাইসোডিয়াম হাইড্রোজেন ফসফেট হেপ্টাহাইড্রেট, সোডিয়াম ডাইহাইড্রোজেন ফসফেট মনোহাইড্রেট, পলিসরবেট ৪0, এবং ইনজেকশনের জন্য পানি। ভ্যাকসিনে অল্প পরিমাণে ভ্যাকিউলোভাইরাস এবং পোকার কোষের প্রোটিন ও ডিএনএ -ও থাকতে পারে।

NOVAVAX COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড কিভাবে দেওয়া হয়?

Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড-টি আপনার পেশিতে ইনজেকশন হিসাবে দেওয়া হবে।

প্রাথমিক সিরিজ: Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেডটি একটি দুই-ডোজের সিরিজ হিসেবে 3 সপ্তাহ অন্তর দেওয়া হয়।

বুস্টার ডোজ:Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড কোনো প্রত্যয়িত বা অনুমোদিত COVID-19 ভ্যাকসিনের প্রাথমিক সিরিজ সম্পন্ন করার অন্তত 6 মাস পর প্রথম বুস্টার ডোজ হিসাবে দেয়া যেতে পারে।

NOVAVAX COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড কি পূর্বে ব্যবহার করা হয়েছিল?

Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেডটি একটি অননুমোদিত ভ্যাকসিন। ক্লিনিক্যাল ট্রায়ালে, 12 বা চেয়ে বেশি বয়সী প্রায় 28,000 লোক অন্তত এক ডোজের Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড পেয়েছেন।

NOVAVAX COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড-এর সুবিধাদি কী কী?

Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড COVID-19 প্রতিরোধ করে তা দেখানো হয়েছে। কোভিড-19 থেকে সুরক্ষার সময়কাল বর্তমানে অজানা।

NOVAVAX COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড-এর ঝুঁকিগুলো কী কী?

Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড মারাত্মক অ্যালার্জির প্রতিক্রিয়া সৃষ্টি করতে পারে, এমন একটি সুদূর সম্ভাবনা রয়েছে। সাধারণত Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড-এর একটি ডোজ নেওয়ার পর কয়েক মিনিট থেকে এক ঘন্টার মধ্যে একটি মারাত্মক অ্যালার্জির প্রতিক্রিয়া হতে পারে। এই কারণে আপনার ভ্যাকসিন সরবরাহকারী আপনাকে টিকা দেওয়ার পরে পর্যবেক্ষণের জন্য ভ্যাকসিন নেওয়ার স্থানে থাকতে বলতে পারেন। মারাত্মক অ্যালার্জির লক্ষণগুলোর মধ্যে থাকতে পারে:

- শ্বাস কষ্ট
- আপনার মুখ ও গলা ফুলে যাওয়া
- হৃদস্পন্দন বেড়ে যাওয়া
- সারা শরীরে খারাপ ফুসকুড়ি হওয়া
- মাথা ঘোরা ও দুর্বলতা

ভ্যাকসিন নেওয়ার পর কিছু কিছু লোকের মায়কার্ডাইটিস (হৃৎপিণ্ডের পেশিতে যন্ত্রণা) ও পেরিকার্ডাইটিস (হৃৎপিণ্ডের বাইরের আস্তরণে যন্ত্রণা) দেখা দিয়েছে। এই লোকগুলোর অধিকাংশের ক্ষেত্রে, টিকা গ্রহণের পরের 10 দিনের মধ্যেই উপসর্গগুলো শুরু হয়। তবে এটি হওয়ার সম্ভাবনা খুবই কম। ভ্যাকসিন নেওয়ার পর যদি নিম্নলিখিত লক্ষণগুলোর মধ্যে কোনোটি আপনার দেখা দেয় তবে দ্রুত চিকিৎসা করানো উচিত।

- বুকে ব্যথা

- শ্বাস গ্রহণে সমস্যা
- হৃদস্পন্দন বেড়ে যাওয়া, বুক ধড়ফড় করা বা বুক ধুকপুক করা

Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড এর বিভিন্ন ক্লিনিক্যাল পরীক্ষার সময় যেসব পার্শ্ব প্রতিক্রিয়ার বিষয়ে জানানো হয়, তার মধ্যে রয়েছে:

- মায়োকার্ডিটিস (হৃদপেশিতে প্রদাহ)
- পেরিকার্ডিটিস (হৃৎপিণ্ডের বাইরের প্রান্তরেখায় প্রদাহ)
- ইনজেকশন প্রদানের স্থানে প্রতিক্রিয়া: ব্যাথা/যন্ত্রণা, ফুলে যাওয়া, লাল হয়ে যাওয়া ও চুলকানি
- সাধারণ পার্শ্ব-প্রতিক্রিয়া: ক্লান্তি বা সাধারণভাবে অসুস্থ বোধ করা, মাংসপেশিতে ব্যাথা, মাথাব্যাথা, অস্থিসন্ধিতে ব্যাথা, বমি বমি ভাব, বমি হওয়া, জ্বর, শীত লাগা
- অ্যালার্জির প্রতিক্রিয়া, যেমন ত্বকে গোলাকার ফুসকুড়ি হওয়া এবং মুখমণ্ডল ফুলে যাওয়া
- লিম্ফ নোড ফুলে যাওয়া

Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড প্রদানের পর এর ব্যবহারের কারণে কিছু পার্শ্বপ্রতিক্রিয়া দেখা গিয়েছে, যার মধ্যে আছে:

- তীব্র অ্যালার্জি প্রতিক্রিয়া
- মায়োকার্ডিটিস (হৃদপেশিতে প্রদাহ)
- পেরিকার্ডিটিস (হৃৎপিণ্ডের বাইরের প্রান্তরেখায় প্রদাহ)
- ত্বকে অস্বাভাবিক অনুভূতি (যেমন- ঝাঁকুনি বা ক্রলিং অনুভূতি) (প্যারেস্থেসিয়া), হাইপোস্থেসিয়া (অনুভূতি বা সংবেদনশীলতা হ্রাস পাওয়া, বিশেষ করে ত্বকে)।

এগুলি Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড-এর সম্ভাব্য পার্শ্ব প্রতিক্রিয়া নাও হতে পারে। গুরুতর ও অপ্রত্যাশিত পার্শ্ব প্রতিক্রিয়াও দেখা দিতে পারে। Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড-এর ক্লিনিক্যাল পরীক্ষানিরীক্ষা এখনও চলছে।

পার্শ্ব প্রতিক্রিয়া দেখা দিলে আমার কী করা উচিত?

যদি আপনার তীব্র অ্যালার্জিক প্রতিক্রিয়া দেখা দেয়, তবে 9-1-1-এ কল করুন বা নিকটবর্তী হাসপাতালে যান।

যদি আপনার এমন পার্শ্ব-প্রতিক্রিয়া হয় যা আপনাকে বিরক্ত করে বা যা দূর হচ্ছে না, তবে ভ্যাকসিন প্রদানকারীকে অথবা আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীকে কল করুন।

ভ্যাকসিনের পার্শ্ব-প্রতিক্রিয়াগুলো FDA-তে এবং সেন্টার্স ফর ডিজিজ কন্ট্রোল অ্যান্ড প্রিভেনশন (CDC) **ভ্যাকসিন অ্যাডভার্স ইভেন্ট রিপোর্টিং সিস্টেম (VAERS)**-এ রিপোর্ট করুন। VAERS-এর টোল ফ্রি নম্বর হল 1-800-822-7967 অথবা অনলাইনে জানান https://vaers.hhs.gov/reportevent.html এই ঠিকানায়। রিপোর্ট করার ফর্মে 18 নম্বর বক্সে প্রথম লাইনে অনুগ্রহ করে লিখুন “Novavax COVID-19 Vaccine, Adjuvanted EUA”।

এছাড়াও, নিচে দেওয়া ঠিকানায় Novavax, Inc.-কে পার্শ্ব প্রতিক্রিয়া সম্পর্কে জানাতে পারেন।

ওয়েবসাইট	ফ্যাক্স নম্বর	টেলিফোন নম্বর
www.NovavaxMedInfo.com	1-888-988-8809	1-844-NOVAVAX (1-844-668-2829)

আপনাকে হয়তো **V-safe** এ এনরোল করার সুযোগ দেয়া হতে পারে। **V-safe** একটি স্মার্টফোন-ভিত্তিক নতুন স্বেচ্ছাসেবী ব্যবস্থা যা টেক্সট মেসেজ এবং ওয়েবে সমীক্ষার মাধ্যমে পরীক্ষা করে দেখে, যেসব ব্যক্তি COVID-19 ভ্যাকসিন নিয়েছেন তাঁদের পার্শ্ব প্রতিক্রিয়া হয়েছে কি না তা চিহ্নিত করা। **V-safe**-এর প্রশ্নাবলীর সহায়তায় কোভিড-19-এর সুরক্ষার বিষয়টি CDC পর্যবেক্ষণ করতে পারে। প্রয়োজন পড়লে দ্বিতীয় ডোজ নেওয়ার কথা মনে করিয়ে দেওয়ার কাজও করে **V-safe**। কোভিড-19 ভ্যাকসিন নেওয়ার পর গ্রহীতারা যদি স্বাস্থ্য সম্পর্কিত কোনও উল্লেখযোগ্য প্রভাবের ব্যাপারে জানান, তাহলে CDC সর্বদা টেলিফোনে খোঁজখবর চালিয়ে যায়। কীভাবে সাইন আপ করতে হয় সে বিষয়ে আরও তথ্যের জন্য, www.cdc.gov/vsafe দেখুন।

আমি যদি NOVAVAX COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড গ্রহণ করতে না চাই তাহলে কী হতে পারে?

EUA অনুসারে Novavax COVID-19ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড গ্রহণ করা বা না-করা আপনার ইচ্ছার উপর নির্ভরশীল। আপনি যদি এটি না-নেওয়ার সিদ্ধান্ত নেন তবে তার জন্য আপনার নিয়মমাফিক চিকিৎসা সেবায় কোনও পরিবর্তন হবে না।

COVID-19 প্রতিরোধে NOVAVAX COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড ছাড়া আর কোনো বিকল্প কি পাওয়া যায়?

প্রাথমিক ভ্যাকসিনের জন্য, COVID-19 প্রতিরোধে অন্যান্য বিকল্পের মধ্যে আছে এফডিএ অনুমোদিত COVID-19 ভ্যাকসিন COMIRNATY (COVID-19 Vaccine, mRNA) 12 বছর বা তাদের চেয়ে বেশি বয়সীদের জন্য এবং SPIKEVAX (COVID-19 Vaccine, mRNA)18 বছর বা তাদের চেয়ে বেশি বয়সীদের জন্য। কোভিড-19 প্রতিরোধে অন্যান্য ভ্যাকসিনগুলো EUA-এর অধীনে উপলভ্য হতে পারে, যার মধ্যে বাইভ্যালেন্ট ভ্যাকসিন রয়েছে, যাতে SARS-CoV-2-এর একটি অমিক্রন উপাদান রয়েছে।

আমি কি অন্য ভ্যাকসিনের সঙ্গে একই সময়ে NOVAVAX COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড নিতে পারি?

অন্যান্য ভ্যাকসিনের সঙ্গে একই সময়ে Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড প্রয়োগ সম্পর্কিত কোনো তথ্য এখনো FDA-তে জমা পড়েনি। আপনি যদি অন্যান্য ভ্যাকসিনের সঙ্গে Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড গ্রহণের বিষয়টি বিবেচনা করেন তাহলে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে এ নিয়ে আলোচনা করুন।

আমি যদি সন্তানসম্ভবা হই বা শিশুকে স্তন্যপান করাই?

যদি আপনি গর্ভবতী হন বা বুকের দুধ পান করান, তবে আপনার স্বাস্থ্যসেবা প্রদানকারীর সাথে বিকল্পগুলো নিয়ে আলোচনা করুন।

একটি প্রেগনেন্সি এক্সপোজার রেজিস্ট্রি রয়েছে, যা গর্ভধারণকালীন Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড-এর সংস্পর্শে আসা নারীদের গর্ভধারণের ফলাফল পর্যবেক্ষণ করে। যেসকল নারী গর্ভধারণকালীন Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড দিয়ে টিকা গ্রহণ করে থাকেন, তাদেরকে https://c-viper.pregistry.com/ ভিজিট করার মাধ্যমে রেজিস্ট্রিতে নাম অন্তর্ভুক্ত করার জন্য উৎসাহিত করা হয়।

NOVAVAX COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড-এর কারণে কি আমি COVID-19-এ সংক্রমিত হতে পারি?

না। Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড কোনো SARS-CoV-2 থাকে না এবং এর কারণে আপনি COVID-19-এ আক্রান্ত হবেন না।

আপনার ভ্যাকসিন কার্ড সঙ্গে রাখুন

আপনি যখন প্রথম ডোজ নেবেন, তখন Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড-এর দ্বিতীয় ডোজের জন্য কখন আসবেন তা দেখানোর জন্য একটি টিকা কার্ড পাবেন। আবার আসার সময় আপনার কার্ডটি আনতে ভুলবেন না।

অতিরিক্ত তথ্য

আপনার কোনও প্রশ্ন থাকলে ওয়েবসাইট দেখুন অথবা নিচে দেওয়া টেলিফোন নম্বরে ফোন করুন। অতি

সাম্প্রতিক তথ্যপত্র দেখার জন্য অনুগ্রহ করে নিচে দেওয়া QR কোডটি স্ক্যান করুন।

Novavax COVID-19 ভ্যাকসিন, অ্যাডজুভেন্টেড ওয়েবসাইট	টেলিফোন নম্বর
www.NovavaxCovidVaccine.com	1-844-NOVAVAX (1-844-668-2829)

আমি কিভাবে আরও জানতে পারব?

- ভ্যাকসিন প্রদানকারীকে জিজ্ঞাসা করুন
- https://www.cdc.gov/coronavirus/2019-ncov/index.html ঠিকানায় CDC-তে যান।
- https://www.fda.gov/emergency-preparedness-and-response/mcm-legal- regulatory-and-policy-framework/emergency-use-authorization ঠিকানায় FDA ভিজিট করুন
- আপনার স্থানীয় অথবা রাজ্যের জনস্বাস্থ্য বিভাগের সঙ্গে যোগাযোগ করুন।

আমার ভ্যাকসিন নেওয়ার তথ্য কোথায় নথিভুক্ত করা হবে?

ভ্যাকসিন সরবরাহকারী আপনার রাজ্য/স্থানীয় আইনগত টিকাদান তথ্য ব্যবস্থা বা Immunization Information System (IIS) বা অন্যান্য মনোনীত ব্যবস্থায় আপনাকে ভ্যাকসিন দেওয়ার তথ্য নথিভুক্ত করতে পারে। এর ফলে দ্বিতীয় ডোজের জন্য আপনি যখন আসবেন, সেই সময় নিশ্চিত ভাবে বোঝা যাবে যে আপনি একই ভ্যাকসিন গ্রহণ করেছেন। IIS সম্পর্কে আরও তথ্যের জন্য https://www.cdc.gov/vaccines/programs/iis/about.html ঠিকানায় যান।

COVID-19 ভ্যাকসিন নেওয়ার জন্য আমাকে কি প্রশাসনিক ব্যয় হিসাবে অর্থ খরচ করতে হবে?

না। এই মুহূর্তে, টিকা সরবরাহকারী আপনাকে ভ্যাকসিন ডোজ দেওয়ার জন্য কোনো অর্থ নিতে পারবেন না এবং কেবলমাত্র COVID-19 টিকা গ্রহণ করার জন্য আপনার কাছ থেকে ভ্যাকসিন দেওয়ার খরচ বা অন্য কোনো খরচ নেওয়া যাবে না। তবে, ভ্যাকসিন প্রদানকারীগণ ভ্যাকসিন গ্রহণকারীর জন্য কোভিড-19 ভ্যাকসিন প্রদানের ফি অন্তর্ভুক্ত করে এমন কোনো প্রোগ্রাম বা প্ল্যানের কাছ থেকে উপযুক্ত ব্যয়-পরিশোধ করার জন্য অনুরোধ করতে পারে (বেসরকারি বিমা, মেডিকেয়ার, মেডিকেইড, বিমা-বিহীন গ্রহীতাদের জন্য HRSA কোভিড-19 অবিমাকৃত প্রোগ্রাম)।

সন্দেহজনক জালিয়াতির ঘটনার ব্যাপারে আমি কোথায় জানাতে পারি?

CDC COVID-19 টিকাদান প্রোগ্রামের প্রয়োজনীয়তাগুলির যে কোনও সম্ভাব্য লঙ্ঘন সম্পর্কে অবহিত ব্যক্তিদেরকে যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানবসেবা বিভাগের ইনস্পেক্টর জেনারেলের অফিসে 1-800-HHS-TIPS-এর মাধ্যমে অথবা TIPS.HHS.GOV ঠিকানার মাধ্যমে জানাতে উৎসাহিত করা হয়।

আঘাতের ক্ষতিপূরণ কার্যক্রমের পাল্টা ব্যবস্থা কী কী রয়েছে?

আঘাতের ক্ষতিপূরণ কার্যক্রমের পাল্টা ব্যবস্থা (CICP) একটি ফেডারেল প্রকল্প। এটি এই চিকিত্সা সহ কিছু নির্দিষ্ট ওষুধ বা ভ্যাকসিন দ্বারা গুরুতর আহত হওয়া নির্দিষ্ট ব্যক্তিদের চিকিৎসা সেবা এবং অন্যান্য নির্দিষ্ট খরচের জন্য অর্থ প্রদানে সহায়তা করতে পারে। সাধারণত, ভ্যাকসিন গ্রহণের তারিখ থেকে এক (1) বছরের মধ্যে CICP-এর কাছে একটি দাবি জমা দিতে হবে। এই প্রোগ্রাম সম্পর্কে আরও জানতে www.hrsa.gov/cicp ভিজিট করুন/ অথবা 1-855-266-2427 নম্বরে ফোন করুন।

ইমারজেন্সি ইউজ অথোরাইজেশন (EUA) কী?

EUA হলো বর্তমান কোভিড-19 অতিমারী প্রাদুর্ভাবের মতো গণ স্বাস্থ্য সম্পর্কিত জরুরি পরিস্থিতিতে ভ্যাকসিনের মতো চিকিৎসা পণ্যের উপলভ্যতা ও ব্যবহার সহজ করার একটি প্রক্রিয়া। হেলথ অ্যান্ড হিউম্যান সার্ভিসেস (HHS)-এর সচিবের একটি ঘোষণা দ্বারা EUA-কে সমর্থন করা হয়, যেখানে কোভিড-19 অতিমারীর সময় জরুরি ভিত্তিতে ঔষধ ও জীবতত্ত্বিক বা বায়োলজিক্যাল পণ্য ব্যবহারের মতো পরিস্থিতি রয়েছে বলে উল্লেখ করা হয়। জরুরি ব্যবস্থার জন্য অনুমোদিত পণ্য FDA দ্বারা পর্যালোচনা করা একটি FDA অনুমোদিত পণ্যের মত পর্যালোচনা পায় না।

কিছু নির্দিষ্ট মানদণ্ড পূরণ হলে FDA একটি EUA ইস্যু করতে পারে, যার মধ্যে রয়েছে, কোনো পর্যাপ্ত, অনুমোদিত, উপলভ্য বিকল্প নেই। এছাড়াও, FDA-এর সিদ্ধান্ত সম্পূর্ণভাবে বিদ্যমান বৈজ্ঞানিক প্রমাণের উপর ভিত্তি করে নেওয়া হয়, যেখানে দেখা যায় যে, কোভিড-19 অতিমারীর সময় কোভিড-19 প্রতিরোধে পণ্যটি কার্যকর হতে পারে এবং পণ্যটির জ্ঞাত ও সম্ভাব্য সুবিধাদি, জ্ঞাত ও সম্ভাব্য ঝুঁকিসমূহ থেকে বেশি হতে। কোভিড-19 অতিমারী চলাকালীন পণ্যটি ব্যবহারের অনুমতি দেওয়ার জন্য এই সবগুলো মানদণ্ড পূরণ করতে হবে।

অবসান বা বাতিল না করা পর্যন্ত, এই পণ্যটির জরুরি ব্যবহারকে ন্যায্যতা প্রতিপাদন করে কোভিড-19 EUA ঘোষণাটি বর্তমানে কার্যকর রয়েছে (যার পরে পণ্যটি হয়তো আর ব্যবহার করা নাও হতে পারে)।

যার জন্য প্রস্তুত করা হয়েছে:
Novavax, Inc., Gaithersburg, MD, 20878

C20101US-001

সংশোধিত: অক্টোবর 19, 2022
©2022 Novavax, Inc. সর্বস্বত্ব সংরক্ষিত।

এই তথ্যপত্রটি যে ইলেকট্রনিক মেডিক্যাল রেকর্ড/টিকাদান তথ্য ব্যবস্থার জন্য ভ্যাকসিন গ্রহণকারীকে প্রদান করা হয়েছে তা ধারণ করতে স্ক্যান করুন।

GDTI: 0886983000370